

মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্নতা

কার্যক্রমের উদ্বোধন

■ মনজুরুল হক গাজী, গাজীপুর মুজিববর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত “পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর” কর্মসূচির অংশ হিসেবে রবিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (Bangladesh Agricultural Research Institute /BARI / বারি) পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে। সকালে বারি’র প্রশাসনিক ভবনের সম্মুখে বেলা উড়িয়ে এই পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন করেন বারি’র সেবা ও সরবরাহ বিভাগের পরিচালক উজ্জ্বল কর্মসূচির বারি’র ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো. হাবিবুর রহমান শেখ। এসময় অন্যান্যদের মধ্যে পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়াকুদ্দীন, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবেদা খাতুন, পরিচালক (তেলবীজ গবেষণা কেন্দ্র) মোছা. দিলআফরোজা খানম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এস. এম. শরিফুজ্জামান, গাজীপুর সিটি কর্পোরেশনের ২৭নং ওয়ার্ডের কাউন্সিলর আলহাজ্ব মো. জাবেদ আলী (জবে) সহ বারি’র বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারি, শ্রমিকবৃন্দ এবং বারি বিজ্ঞানী সমিতি, বারি কর্মচারি সমিতি ও বারি শ্রমিক ক্লাবের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

উদ্বোধনকালে পরিচ্ছন্নতা কার্যক্রমের স্বপ্ন, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা পাঠ করেন ইনস্টিটিউটের সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) মো. মাহমুদুল হাসান। এ কর্মসূচি কৃষি মন্ত্রণালয়ের নির্দেশক্রমে স্বপ্ন, মধ্য ও দীর্ঘমেয়াদী পরিকল্পনার আওতায় বারি’র সকল বিভাগ, কেন্দ্র, শাখার ভবন ও আবাসিক এলাকার পরিষ্কার পরিচ্ছন্নকরণ কার্যক্রম প্রতিদিন অফিস শুরুর পূর্বে সম্পন্ন করা হবে এবং সেটা ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সাপ্তাহিক পরিদর্শন ও মূল্যায়ন করা হবে।



মুজিববর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচির অংশ হিসেবে গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন করা হয় -আজকালের খবর

বারিতে মুজিববর্ষ উপলক্ষে পরিচ্ছন্নতা কার্যক্রম উদ্বোধন

● মো. মাজহারুল ইসলাম, গাজীপুর

মুজিববর্ষকে সামনে রেখে পরিচ্ছন্ন বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে সরকার কর্তৃক গৃহীত 'পরিচ্ছন্ন গ্রাম-পরিচ্ছন্ন শহর' কর্মসূচির অংশ হিসেবে গতকাল রবিবার বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) পরিচ্ছন্নতা কার্যক্রমের উদ্বোধন করা হয়। সকালে বারির প্রশাসনিক ভবনের সম্মুখে বেলায় উড়িয়ে এ কার্যক্রমের উদ্বোধন করেন বারির পরিচালক ও কর্মসূচির বারির ফোকাল পয়েন্ট কর্মকর্তা মো. হাবিবুর রহমান শেখ (সেবা ও সরবরাহ)। এ সময় আরও উপস্থিত ছিলেন পরিচালক (প্রশিক্ষণ ও যোগাযোগ) ড. মো. মিয়াকব্দীন, পরিচালক (উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র) ড. আবদা খাতুন, পরিচালক (তৈলবীজ গবেষণা কেন্দ্র) মোছা. দিল আফরোজা খানম, পরিচালক (কন্দাল ফসল গবেষণা কেন্দ্র) ড. এস এম শরিফুজ্জামান, গাজীপুর সিটি করপোরেশনের ২৭নং ওয়ার্ডের কাউন্সিলর মো. জাবেদ আলীসহ (জবে) বারির বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান, বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী, শ্রমিকবৃন্দ এবং বারি বিজ্ঞানী সমিতি, বারি কর্মচারী সমিতি ও বারি শ্রমিক ক্লাবের নেতৃবৃন্দ।

কার্যক্রমের স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা পাঠ করেন ইনস্টিটিউটের সিনিয়র সহকারী পরিচালক (প্রশাসন) মো. মাহমুদুল হাসান। এ কর্মসূচির অংশ হিসেবে কৃষি মন্ত্রণালয়ের নির্দেশক্রমে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি পরিকল্পনাকার্যক্রম প্রতিদিন অফিস উন্মুক্ত করার পূর্বে সম্পন্ন করা হবে এবং সেটা ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সাপ্তাহিক পরিদর্শন ও মূল্যায়ন করা হবে।

